

আমন ধান

জাত :- নবীন, গোমতী, এম,টি,উ-৭০২৯ এম,টি,উ-১০১০ পূজা, রনজিত, আই,আর-৬৪, শতাব্দী।
হাইব্রীড:- এরাজ-৬৪৪৪, পি,এ,চি-৭০১, ৭৮৩, লোকনাথ, বি,এন,আর-২৩৫৫।

সময় :- আষাঢ় -শ্রাবন মাসে বীজতলা তৈরী করুন।

বীজের পরিমাণ :- শ্রী পদ্ধতিতে ৫০০-৮০০ গ্রাম প্রতি কানি ,প্রচলিত পদ্ধতিতে ৮ কেজি প্রতি কানি।

বীজ শোধন:- হাল্কা রোদেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে।

জমি তৈরী :- সেচ অথবা বৃষ্টির জলের অবস্থা বুজে শ্রাবন -ভাদ্র মাসে মূল জমি তৈরী করুন। প্রথম বারে দুইবার চাষ দিয়ে ভাল ভাবে আগাছা পরিষ্কার করে ৭-১০ দিন ফেলেরাখুন। দ্বিতীয় চাষে ভাল ভাবে জমি তৈরী করে চারা রোপন করুন। শ্রী পদ্ধতিতে ৮-১০ দিনের চাড়া , প্রচলিত পদ্ধতিতে ২০ -২৫ দিনের চাড়া

সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

	<u>প্রচলিত পদ্ধতি</u>	<u>শ্রী পদ্ধতিতে</u>	<u>হাইব্রীড ধান</u>
ইউরিয়া	২৮ কেজি	১৪ কেজি	৩০ কেজি
সুপার ফসফেট	৪০ কেজি	২০ কেজি	৫০ কেজি
পটাশ	১১ কেজি	৭ কেজি	১৩ কেজি
জীবাণু সার	৬০০ -৭০০ গ্রাম	৬০০ -৭০০ গ্রাম	৬০০ -৭০০ গ্রাম

সম্পূর্ণ গোবর সার প্রথম চাষে মাটিতে প্রয়োগ করুন। মূল জমি তৈরী করার সময় অর্ধেক পরিমাণ ইউরিয়া ,সম্পূর্ণ সুপার ফসফেট এবং পটাশ প্রয়োগ করুন। বাকী পরিমাণ ইউরিয়ার অর্ধেক অংশ ধানের পাশকাঠি ছাড়ার সময় এবং অবশিষ্ট ইউরিয়া গোড়ায় থোড় আসার সময় প্রয়োগ করুন। জীবানু সার দুই বারে প্রয়োগ করুন, প্রথম বার মূল জমি তৈরী করার সময় অর্ধেক পরিমাণ এবং বাকী অর্ধেক পরিমাণ ২৫ -৩০ দিনের পর প্রয়োগ করুন।

চারার দূরত্ব :- সারি থেকে সারি -২৫ সে:মি ,এবং গোছা থেকে গোছা -২৫ সে:মি দূরে লাগান। প্রচলিত পদ্ধতিতে প্রতি গোছায় ২-৩ টি চারা এবং শ্রী পদ্ধতিতে ১টি করে চাড়া লাগান।

অন্তর্বর্তী পরিচর্যা :- ২ - ৩ বার ভাল করে আগাছা পরিষ্কার করুন এবং গোয়ার মাটি হাল্কা করে দিন। শ্রী পদ্ধতিতে চাষ করলে জল নিয়ন্ত্রন করুন। জমিতে জল জমানো চলবেনা বেশী শুকানোও চলবেনা। লক্ষ্য রাখতে হবে যেন নালায় জল থাকে।

সময় কাল :- ১২৫ - ১৫০ দিন ।

উৎপাদন :- কানি প্রতি উৎপাদন ৬০০ - ৮০০ কেজি ।

শ্রী পদ্ধতিতে ৮০০ - ৯০০ কেজি ।